দৈনিক ইত্তেফাক

তারিখ ০৪ MAY 2016
পৃষ্ঠা ৪ কলাম ৫

# শাবি শিক্ষার্থীর ঝুলন্ত লাশ উদ্ধার

■ শাবি সংবাদদাতা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বন ও পরিবেশ বিজ্ঞান বিভাগের ২য় বর্ষের শিক্ষার্থী বিশ্বজিৎ মল্লিকের ঝুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ। বিশ্ববিদ্যালয়ের পার্শ্ববর্তী এলাকার একটি মেস থেকে তার লাশ উদ্ধার করা হয়। মুন্সিগঞ্জের শ্রীনগর উপজেলার সোনাকান্দা গ্রামের যাদব মল্লিকের ছেলে বিশ্বজিৎ। লাশ সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে। বিশ্বজিতের সুইসাইড নোট উদ্ধার করেছে পুলিশ।

ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. রাশেদ তালুকদার বলেন, লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর কারণ জানা যাবে।

ওসি আক্তার হোসেন জানান, গত শনিবার রাত ১১টার দিকে সহপাঠীরা তার রুমে গিয়ে ডাকাডাকি করে সাড়া না পেয়ে প্রশাসনকে খবর দেয়। পরে পুলিশ লাশ উদ্ধার করে। প্রাথমিকভাবে এটি আত্মহত্যা মনে হচ্ছে।